**প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক**
উপাচার্য
**হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়**
হবিগঞ্জ-৩৩০০,বাংলাদেশ
ফোন:+৯৯০২৯৯৬৬০৫১০০
মোবাইল:+৮৮০১৩৩২৮৩২৬৪৪
ই-মেইল: vc@hau.ac.bd; ওয়েবসাইট: www.hau.ac.bd

**Professor Dr. Md. Mozammel Hoque**
Vice-Chancellor
**Habiganj Agriculture University**
Habiganj-3300, Bangladesh
Phone:+8802996605100
Mobile: +8801332832644
E-mail: vc@hau.ac.bd; Website: www.hau.ac.bd

তারিখঃ ২১ আগস্ট ২০২৬

# অভিনন্দন বার্তা

মহামান্য রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ও মাননীয় চ্যান্সেলর
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

মহামান্য রাষ্ট্রপতি,

আসসালামু আলাইকুম। প্রবীণ রাজনীতিবিদ, প্রাজ্ঞ শিক্ষাবিদ, সুদীর্ঘ রাজনৈতিক ও জনসেবামূলক কর্মযজ্ঞে অভিজ্ঞ, গণতন্ত্র ও রাষ্ট্রীয় মূল্যবোধে অবিচল এক বরেণ্য ব্যক্তিত্ব হিসেবে আপনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি তথা রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক পদে অধিষ্ঠিত হয়েছেন। একই সঙ্গে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য এবং হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর হিসেবে আপনার অভিষেক আমাদের জন্য পরম আনন্দ, গভীর গৌরব ও বিশেষ তাৎপর্যের বিষয়।

এ মহান ও ঐতিহাসিক মুহূর্তে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে আপনাকে জানাই গভীর শ্রদ্ধা, আন্তরিক অভিনন্দন ও হৃদয় নিংড়ানো শুভেচ্ছা।

দীর্ঘ পাঁচ দশকের অধিক সময়ব্যাপী আপনার বর্ণাঢ্য রাজনৈতিক ও কর্মময় জীবনে শিক্ষকতা, জনসেবা, স্থানীয় সরকার পরিচালনা এবং জাতীয় রাজনীতির বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসরে অর্জিত অভিজ্ঞতা, প্রজ্ঞা ও দূরদর্শিতা আজ রাষ্ট্রের জন্য এক অমূল্য সম্পদে পরিণত হয়েছে। রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক দায়িত্বে আপনার অধিষ্ঠান বাংলাদেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানসমূহের বিকাশ, সাংবিধানিক ধারাবাহিকতা, আইনের শাসন এবং জনগণের আকাঙ্ক্ষার প্রতিফলনে এক নতুন প্রেরণার সঞ্চার করবে—এ আমাদের দৃঢ় প্রত্যাশা।

মহামান্য রাষ্ট্রপতি হিসেবে আপনার সুদীর্ঘ অভিজ্ঞতা, প্রজ্ঞাপূর্ণ বিচারবোধ, সংযম, দূরদর্শিতা ও রাষ্ট্রনায়কোচিত নেতৃত্ব দেশের গণতান্ত্রিক অভিযাত্রাকে আরও সুসংহত ও অর্থবহ করবে বলে আমরা বিশ্বাস করি। আপনার প্রাজ্ঞ দিকনির্দেশনায় শিক্ষা, গবেষণা, বিজ্ঞানমনস্কতা, সুশাসন এবং জাতীয় উন্নয়নের বহুমাত্রিক অগ্রযাত্রা আরও বেগবান হবে—এ প্রত্যাশা জাতির সর্বস্তরের মানুষের।

আপনার মতো একজন প্রাজ্ঞ শিক্ষাবিদ, অভিজ্ঞ রাষ্ট্রনায়ক ও দূরদর্শী ব্যক্তিত্বকে দেশের বিশ্ববিদ্যালয়সমূহের সর্বোচ্চ অভিভাবক তথা চ্যান্সেলর হিসেবে পেয়ে আমরা গভীরভাবে আনন্দিত ও গর্বিত। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গি, প্রাজ্ঞ পরামর্শ ও অভিভাবকসুলভ দিকনির্দেশনায় বাংলাদেশের উচ্চশিক্ষা, গবেষণা, উদ্ভাবন এবং মুক্তবুদ্ধি ও মানবিক মূল্যবোধের চর্চা এক নতুন উচ্চতায় উপনীত হবে। বিশেষত নবপ্রতিষ্ঠিত হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষ, গবেষণা ও উদ্ভাবনভিত্তিক অগ্রযাত্রায় আপনার মহামূল্যবান দিকনির্দেশনা আমাদের জন্য অনুপ্রেরণা ও শক্তির উৎস হয়ে থাকবে।

পরিশেষে, মহান আল্লাহ রাব্বুল আলামিনের দরবারে আপনার সুস্বাস্থ্য, দীর্ঘায়ু, প্রজ্ঞা, সাফল্য ও সর্বাঙ্গীণ কল্যাণ কামনা করছি। মহান আল্লাহ আপনাকে দেশ ও জাতির কল্যাণে অর্পিত এই মহান সাংবিধানিক দায়িত্ব সততা, প্রজ্ঞা, ন্যায়নিষ্ঠা ও সফলতার সঙ্গে পালন করার তাওফিক দান করুন।

শ্রদ্ধান্তে,

২১/০৮/২০২৬

অধ্যাপক ড. মোঃ মোজাম্মেল হক
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।